



প্রোগ্রেসিভ মডেল স্কুল, ময়মনসিংহ

নোটিশ

এতদ্বারা ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণির ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষার্থীদের লেখাপড়ার ধারাবাহিকতা বজায় রাখতে সম্মানিত অভিভাবকগণের মাধ্যমে স্কুল থেকে উত্তর ও প্রশ্নপত্র বাসায় সরবরাহ করে এবং বাসায় পরীক্ষা গ্রহণের পর সম্মানিত অভিভাবকগণের মাধ্যমে স্কুলে ফেরত দেওয়ার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। শিক্ষার্থীরা যাতে সততার সাথে পরীক্ষায় অংশ গ্রহণ করে তার জন্য সম্মানিত অভিভাবকগণের সার্বিক সহযোগিতা কামনা করছি। সম্মানিত অভিভাবকগণ প্রতিদিন সুবিধাজনক সময়ে ২টি করে পরীক্ষা গ্রহণ করে নির্ধারিত তারিখ ও সময়ে পরীক্ষার উত্তরপত্র স্কুলে জমাদানের জন্য অনুরোধ করা যাচ্ছে। পরীক্ষার সিলেবাস ও নম্বর বন্টন বিদ্যালয়ের ওয়েব সাইটে পাওয়া যাবে। কোন ক্রমেই কোন শিক্ষার্থীর হাতে প্রশ্নপত্র ও উত্তরপত্র দেওয়া হবে না। সকল সম্মানিত অভিভাবকগণ বকেয়াসহ বেতন ২৬/০৯/২০২০ ইং তারিখ এর মধ্যে পরিশোধের জন্য অনুরোধ করা হল। ধারাবাহিক মূল্যায়নের পরীক্ষা গ্রহণের কারণে ছাত্র/ছাত্রীদের বাসায় প্রস্তুতি গ্রহণের জন্য আগামী ২৬/০৯/২০২০ ইং তারিখ শনিবার থেকে ০৫/১০/২০২০ ইং তারিখ, সোমবার পর্যন্ত সকল অন-লাইন ভিত্তিক ক্লাশ বন্ধ থাকবে। প্রশ্নপত্র ও উত্তরপত্র গ্রহণ এবং উত্তরপত্র জমাদানের তারিখ ও সময়সূচি নিম্নরূপ :

শ্রেণি	শাখা	প্রশ্নপত্র ও উত্তরপত্র গ্রহণের তারিখ ও সময়	উত্তরপত্র জমাদানের তারিখ ও সময়
৬ষ্ঠ ও ৭ম	প্রভাতি	২৬/০৯/২০২০ সকাল ৮টা থেকে ১২টা	০৩/১০/২০২০ সকাল ৮টা থেকে ৩টা
৬ষ্ঠ ও ৭ম	দিবা	২৬/০৯/২০২০ দুপুর ১২টা থেকে ৪টা	০৩/১০/২০২০ সকাল ৮টা থেকে ৩টা
৮ম	প্রভাতি	২৬/০৯/২০২০ সকাল ৮টা থেকে ১২টা	০১/১০/২০২০ সকাল ৮টা থেকে ৩টা
৮ম	দিবা	২৬/০৯/২০২০ দুপুর ১২টা থেকে ৪টা	০১/১০/২০২০ সকাল ৮টা থেকে ৩টা
৯ম	প্রভাতি	২৭/০৯/২০২০ সকাল ৮টা থেকে ১২টা	০৬/১০/২০২০ সকাল ৮টা থেকে ৩টা
৯ম	দিবা	২৭/০৯/২০২০ দুপুর ১২টা থেকে ৪টা	০৬/১০/২০২০ সকাল ৮টা থেকে ৩টা
১০ম	প্রভাতি	২৭/০৯/২০২০ সকাল ৮টা থেকে ১২টা	০৬/১০/২০২০ সকাল ৮টা থেকে ৩টা
১০ম	দিবা	২৭/০৯/২০২০ দুপুর ১২টা থেকে ৪টা	০৬/১০/২০২০ সকাল ৮টা থেকে ৩টা

বিশেষ দৃষ্টব্য :- করোনো পরিস্থিতির কারণে অতিরিক্ত লোক সমাগম এড়ানোর জন্য ৯ম ও ১০ম শ্রেণির প্রশ্নপত্র ও উত্তরপত্র ২৬/০৯/২০২০ ইং তারিখ, শনিবারের পরিবর্তে ২৭/০৯/২০২০ ইং তারিখ, রবিবার দেওয়া হবে এবং উত্তরপত্র ০৫/১০/২০২০ ইং তারিখ, সোমবারের পরিবর্তে ০৬/১০/২০২০ ইং তারিখ মঙ্গলবার জমা দিতে হবে।

Shafi

(আব্দুল্লা হেল শাফী)

প্রধান শিক্ষক

প্রোগ্রেসিভ মডেল স্কুল, ময়মনসিংহ